



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭

www.bteb.gov.bd



স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০৫.২২.০০৯

তারিখ

০১ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ

১৫ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকল সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ফিসারিজ, ডিপ্লোমা-ইন-লাইভস্টক ও ডিপ্লোমা-ইন-ফরেন্স্ট্রি শিক্ষাক্রমের ১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্বে অধ্যয়নরত পুনঃভর্তির প্রয়োজন এমন শিক্ষার্থীদের আবেদন ও প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণপূর্বক সংশ্লিষ্ট প্রবিধানের পুনঃভর্তির সাধারণ নীতিমালার আলোকে যাচাই-বাছাই করে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত ফরওয়ার্ডিং ও বোর্ড নির্ধারিত ফি জমাদানের ব্যাংক ড্রাফটসহ প্রয়োজনীয় কাগজপত্র আগামী ২০ জুন, ২০২২ খ্রি. তারিখের মধ্যে তারিখের মধ্যে বোর্ডে জমা দেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

পুনঃভর্তি কার্যক্রম সংক্রান্ত তথ্য ছক (১)

পুনঃভর্তি ফি বাবদ সমুদয় টাকার ব্যাংক ড্রাফটসহ প্রয়োজনীয় কাগজপত্র বোর্ডে জমাদানের তারিখ	বোর্ড কর্তৃক পুনঃভর্তির ফলাফল প্রকাশের তারিখ
২০ জুন, ২০২২ খ্রি.	২২ জুন, ২০২২ খ্রি.

পুনঃভর্তি কার্যক্রম সংক্রান্ত তথ্য ছক (২)


SI	Ins_Code	Ins_Name	Student Name	Tech_Name	Roll_No	Reg_No	Sem	Shift	Sess	Probidhan

পুনঃভর্তির সাধারণ নিয়মাবলীঃ

- ১। ১ম পর্বের পুনঃভর্তিকৃত শিক্ষার্থীদের আবশ্যিকভাবে প্রবিধান-২০২২ অনুসরণপূর্বক অধ্যয়ন করতে হবে;
- ২। প্রবিধান ২০১০-এর ৪.১৪.৪ ধারায় বর্ণিত অকৃতকার্য কোন শিক্ষার্থী ৭ম পর্বে পুনঃভর্তি হতে চাইলে তাদের ক্ষেত্রে প্রবিধান ২০১০-এর ৪.১৪.৫ ধারা মোতাবেক ৭ম পর্বে সাময়িকভাবে অধ্যয়নের প্রদেয় অনুমতির প্রমাণকসহ আবেদন করতে হবে;
- ৩। ১ম, ৩য় ৫ম ও ৭ম পর্বে পুনঃভর্তিযোগ্য শিক্ষার্থীদের পূর্বে পুনঃভর্তি থাকলেও তা বাতিল বলে গণ্য হবে এবং শিক্ষার্থীকে নতুন করে পুনঃভর্তি হতে হবে অন্যথায় শিক্ষার্থী অধ্যয়ন করলেও পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না;
- ৪। প্রতিষ্ঠানে পুনঃভর্তি আবেদন প্রাপ্তির পর আবেদন সংশ্লিষ্ট প্রবিধান ও পুনঃভর্তির সাধারণ নীতিমালার আলোকে আলোকে যাচাই-বাছাই করে পুনঃভর্তিচ্ছু শিক্ষার্থীদের পুনঃভর্তি ফি বাবদ শিক্ষার্থী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে মোট টাকা সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর অনুকূলে ব্যাংক ড্রাফট করতে হবে;
- ৫। Online এ প্রেরিত হলও শিক্ষার্থীর পুনঃভর্তি প্রয়োজন না হলে তা বাতিল বলে গণ্য হবে।
- ৬। শিক্ষার্থীর সংখ্যা ০৪ জনের বেশী হলে সফটকপি পুনঃভর্তি কার্যক্রম সংক্রান্ত তথ্য ছক (২) অনুযায়ী পূরণ করে এক্সেল ফাইলে (সিডি) করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

বি: দ্র: পুনঃভর্তিকৃত শিক্ষার্থীদের নির্ধারিত ছক আকারে তথ্যাদি পূরণসহ আবেদনের সাথে রেজিস্ট্রেশন কার্ড এবং পূর্ববর্তী পর্বের প্রবেশ পত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি, সাময়িকভাবে অধ্যয়নের অনুমতি প্রদানের প্রমাণক (প্রযোজ্য ক্ষেত্রে) সংযুক্তসহ সমুদয় টাকার ব্যাংক ড্রাফটসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র আগামী ২০ জুন, ২০২২ খ্রি. তারিখে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, মোট পুনঃভর্তিকৃত শিক্ষার্থীর সমুদয় টাকার একটি মাত্র ব্যাংক ড্রাফট হবে।


- ২০ জুন, ২০২২ খ্রি. তারিখের পরে পুনঃভর্তির কোন আবেদন সুপারিশ করে বোর্ডে প্রেরণ না করার জন্য সকল অধ্যক্ষ মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(প্রকৌশলী ফরিদ উদ্দিন আহমেদ)
পরিচালক (কারিকুলাম)
ফোন: ০২-৫৫০০৬৫২৩
তারিখ: ১৫-০৬-২০২২ খ্রি.

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০৫.২২.০০৯ (১০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, প্রশিক্ষণ উইং, খামারবাড়ি, ঢাকা-১২১৫।
- ৪-৬। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। অধ্যক্ষ.....(সংশ্লিষ্ট সকল)।
- ৮। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস নথি।


-১৫/০৬/২২
(রূপক কান্তি বিশ্বাস)
কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)
ও
কারিকুলাম বিশেষজ্ঞ (কৃষি) অঃ দাঃ
ফোনঃ ০২-৫৫০০৬৫৪০